# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৮৮৬

২৬/ ফাযায়েল

পরিচ্ছেদঃ সাহাবার মাহাত্ম্য

## আরবী

عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ قَالَ قَالَ رَسُوْلُ اللهِ ﷺ يَأْتِي عَلَى النَّاسِ زَمَانٌ فَيَغْزُو فِئَامٌ مِنَ النَّاسِ فَيَقُولُونَ فِيكُمْ مَنْ صَاحَبَ رَسُوْلَ اللهِ ﷺ فَيَقُولُونَ نَعَمْ فَيُفْتَحُ لَهُمْ ثُمَّ يَأْتِي عَلَى النَّاسِ زَمَانٌ فَيَغْزُو فِئَامٌ مِنَ النَّاسِ فَيُقَالُ هَلْ فِيكُمْ مَنْ صَاحَبَ أَصْحَابَ رَسُولِ اللهِ ﷺ فَيَقُولُونَ نَعَمْ فَيُفْتَحُ لَهُمْ ثُمَّ يَأْتِي عَلَى النَّاسِ زَمَانٌ فَيَغْزُو فِئَامٌ مِنَ النَّاسِ فَيُقَالُ هَلْ فِيكُمْ مَنْ صَاحَبَ مَنْ صَاحَبَ أَصْحَابَ رَسُولِ اللهِ ﷺ فَيَقُولُونَ نَعَمْ فَيُفْتَحُ لَهُمْ

## বাংলা

(২৮৮৬) আবূ সাঈদ খুদরী (রাঃ) বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, ''লোকেদের নিকট একটি যুগ আসছে, যখন একটি জামাআত যুদ্ধে বের হবে। তাদেরকে বলা হবে, 'তোমাদের মাঝে কি এমন লোক আছে, যে আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে দর্শন করেছে?' তারা বলবে, 'হ্যাঁ।' সুতরাং তাদের বিজয় লাভ হবে। অতঃপর একটি জামাআত যুদ্ধে বের হবে। তাদেরকে বলা হবে, 'তোমাদের মাঝে কি এমন লোক আছে, যে তাকে দর্শন করেছে, যে আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গ লাভ করেছে?' তারা বলবে, 'হ্যাঁ।' সুতরাং তাদের বিজয় লাভ হবে। অতঃপর একটি জামাআত যুদ্ধে বের হবে। তাদেরকে বলা হবে, 'তোমাদের মাঝে কি এমন লোক আছে, যে তাকে দর্শন করেছে, যে আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গীর সঙ্গ লাভ করেছে?' তারা বলবে, 'হ্যাঁ।' সুতরাং তাদের বিজয় লাভ হবে।

## ফুটনোট

(বুখারী ৩৬৪৯, মুসলিম ৬৬৩০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=66634

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন